



Embassy of the
People's Republic of Bangladesh
42 Guang Hua Lu, Beijing-100600
Tel: 0086-10-65322521, 65323706
Fax: 0086-10-65324346



মুজিববর্ষের কুটনীতি ॥ প্রগতি ও সম্প্রীতি
Mujib Year's Diplomacy ॥ Friendship & Prosperity

নং-১৯.০১.৮৬০১.৪০১.৯৯.০১১.১০(৫)-৯৭

৩১ আগস্ট ২০২১

বিজ্ঞপ্তি

এতদ্বারা চীন প্রবাসী সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এর অফিস আদেশ অনুযায়ী পাসপোর্ট রি-ইস্যু আবেদনপত্র গ্রহণের সময় বর্তমান পাসপোর্টসহ আবেদনকারীকে স্বশরীরে উপস্থিত হওয়ার নির্দেশনা রয়েছে।

যেহেতু বর্তমানে কোভিড-১৯ এর প্রাদুর্ভাব চলছে এবং সবার পক্ষে দূতাবাসে স্বশরীরে আসা সম্ভব হচ্ছে না, সেহেতু পাসপোর্ট রি-ইস্যু আবেদনের সময় সকল কাগজপত্রের সাথে বিদ্যমান মূল পাসপোর্ট প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, যে সকল আবেদনকারী ইতিমধ্যে পাসপোর্ট রি-ইস্যুর জন্য দূতাবাসে সরাসরি/ডাকযোগে আবেদনপত্র জমা দিয়েছেন কিন্তু কার্যক্রম এখনও শুরু হয়নি তাদের বিদ্যমান মূল পাসপোর্টটি দূতাবাসে জমা দেওয়ার জন্যও অনুরোধ করা গেল।

বিঃদ্রঃ যেসব আবেদনকারী স্থায়ী প্রয়োজনে মূল পাসপোর্ট সাথে রাখতে অস্বীকার, তাদেরকে আবেদনপত্র জমা দিতে ব্যক্তিগতভাবে দূতাবাসে আসতে হবে। সেক্ষেত্রে দূতাবাস প্রয়োজনীয় অফিসিয়াল প্রক্রিয়া শেষে একই দিনে আবেদনকারীকে তার মূল পাসপোর্টটি ফিরিয়ে দিবে।

